## কাউনিয়া ইউআরসি/টিআরসি, রংপুর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Kaunia, URC/TRC, Rangpur)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

**সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছরের) প্রধান অর্জন সমূহ:**

উপজেলা রিসোর্স সেন্টার স্থাপনের পর হতে প্রাথমিক শিক্ষার গুনগতমান নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে আসছে। অত্র ইউআরসিতে বিগত ৩ বছরের পিইডিপি-৪ এর আওতায় বিষয় ভিত্তিক বাংলা-১২ ব্যাচ, বিষয় ভিত্তিক ইংরেজি-০৬ ব্যাচ, গণিত অলিম্পিয়াড কৌশল ব্যাবহার করে গণিত প্রশিক্ষণ-০৮ ব্যাচ, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়- ০৫ ব্যাচ, বিষয় ভিত্তিক বিজ্ঞান-০৭ ব্যাচ, প্রাক-প্রাথমিক শিক্ষা-০৫, চারু ও কারুকলা-০১ ব্যাচ, শারীরিক শিক্ষা-০২, বিষয় ভিত্তিক সঙ্গীত-০২ ব্যাচ, ইন্ডাকশন-০১, মার্কার-০৫ ব্যাচ, ইনডাকশন-০১ ব্যাচ, সাব-ক্লাষ্টার চাহিদা ভিত্তিক হওয়ার ফলে প্রশিক্ষণ ম্যানুয়াল ইউআরসি তৈরি করে সাব-ক্লাষ্টার প্রশিক্ষণ সমূহ পরিচালিত হচ্ছে। এ পর্যন্ত অত্র ইউআরসিতে ১৮টি ম্যানুয়াল সফলভাবে প্রনণয়ন করা হয়েছে। এছাড়া ইউআরসির ইন্সট্রাক্টর কর্তৃক নিয়মিত বিদ্যালয় পরিদর্শন ও শিখন-শেখানো কার্যক্রম পর্যবেক্ষণের মাধ্যমে শিক্ষকগণকে প্রয়োজনীয় পরামর্শ ও দিক নিদের্শনা প্রদান করে আসছেন। যা শিক্ষকগণের পেশাগত দক্ষতা উন্নয়নে অত্যন্ত সহায়ক। এছাড়া উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হয়েছে। ইন্সট্রাক্টর বিভাগীয় কর্মসম্পাদনের পাশাপাশি সরকার কর্তৃক বিভিন্ন আদেশ, নির্দেশ, সভা, সেমিনার, র‌্যালী এবং আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করে সরকারের নেয়া ভিশন ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে সরকারের নির্দেশিত দায়িত্ব পালন করে যাচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জ সমুহ**

প্রয়োজনীয় অবকাঠামো যেমন-অতিরিক্ত প্রশিক্ষণ কক্ষ, শৌচাগার, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, ফটোকপিয়ার, সাউন্ড সিস্টেম, প্রশিক্ষণ কক্ষে এসি সংযোগসহ বিকল্প বিদ্যুৎ সরবরাহের জন্য আইপিএস এর ব্যবস্থাকরণের উদ্যোগ গ্রহণের মাধ্যমে মানসম্মত প্রশিক্ষণ উপযোগী পরিবেশ সৃষ্টি করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

১) সকল শিক্ষকের জন্য সমতাভিত্তিক ও মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিতকরণের লক্ষ্যে সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা।

২) সকল শিক্ষককে পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য Google Meet, Zoom, IPEMIS এর ব্যবহার বিষয়ক প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

৩) প্রশিক্ষণলব্ধ জ্ঞান, বিদ্যালয়ে প্রয়োগের জন্য প্রমাপ অনুযায়ী শিখন শেখানো কার্যক্রম পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় সহাযতা প্রদান করা।

৪) প্রশিক্ষণ সহায়ক আকর্ষণীয় প্রশিক্ষণ কক্ষ তৈরিতে স্থানীয় সম্পৃক্ততা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ।

**২০২২-২০২৩ অর্থ বছরের প্রধান অর্জন সমুহ:-**

- ১২০ জন শিক্ষককে গণিত অলিম্পিয়াড কৌশল ব্যাবহার করে প্রশিক্ষণ প্রদান।
- ৯০ জন শিক্ষককে বাংলা বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- ৯০ জন শিক্ষককে ইংরেজি বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- পরিদর্শন কার্যক্রম ফলপ্রসু ও জোড়দার করা।
- প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা।
- কন্টেন্ট ভিত্তিক শ্রেণী পাঠদানের জন্য ল্যাপটপ ও মাল্টিমিডিয়া ব্যবহারে শিক্ষকদের প্রয়োজনীয় সহায়তা প্রদান ও উদ্বুদ্ধকরণ।
- প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম ফলপ্রসু করার জন্য বিদ্যালয় পর্যায়ে শিক্ষকদের প্রশিক্ষণ বাস্তবায়নে সহায়তা প্রদান।
- প্রশিক্ষণ পরবর্তী বিদ্যালয়ে বাস্তবায়নে শিক্ষকদের প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- এসআরএম এর কার্যকর ব্যবহার নিশ্চিতকরণে উদ্বুদ্ধকরণ।
- প্রমাপ অনুযায়ী ই-মনিটরিং সিষ্টেমে বিদ্যালয় পরিদর্শন।
- চাহিদা ভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণের সহায়িকা প্রণয়ন করা
- শিক্ষকগণের ডাটাবেজ হালফিল করা।
- অর্থ প্রাপ্তি সাপেক্ষে বিভিন্ন প্রশিক্ষণ বাস্তবায়ন করা।
- সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণলব্ধ জ্ঞান শ্রেণি পাঠদানে বাস্তবায়ন নিশ্চিত করা